**আকাশবাণী শিলচর**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**25 OCTOBER 2024** **7:45—7:55 PM IST**

==========================================================

(১) রাজ্যের পাঁচটি বিধানসভা আসনে অনুষ্ঠেয় উপনির্বাচনের জন্য মনোনয়ন পত্র দাখিলের প্রক্রিয়ার সমাপ্তি/ পাঁচটি আসনে মোট ৩৮জন প্রার্থীর মনোনয়ন পত্র দাখিল/ ধলাই বিধানসভা আসনে মোট পাঁচজন প্রার্থীর মনোনয়ন জমা/

(২) রাজ্যের তৃতীয় ও চতুর্থ শ্রেণীর মোট পাঁচ হাজার ২৩টি শূন্য পদে আগামী রবিবার নিয়ুক্তি পরীক্ষা/ সম্পূর্ণ স্বচ্ছ ও সুষ্ঠুভাবে পরীক্ষা আয়োজনের জন্য যাবতীয় প্রস্তুতি অব্যাহত/

(৩) গুয়াহাটির জ্যোতিচিত্রবনে আগামীকাল থেকে অষ্টম চলচ্চিত্রম জাতীয় চলচ্চিত্র মহোৎসব/ ৫০টি তথ্যচিত্র এবং স্বল্পদৈর্ঘ্যের প্রদর্শনের ব্যবস্থা/

এবং

(৪) রাজ্যসরকারের কর্মচারীদের দীপাবলী উপলক্ষে আগামী ২৮শে অক্টোবর থেকে এমাসের বেতন প্রদানের সিদ্ধান্ত/

---

আসামের পাঁচটি বিধানসভা আসনের জন্য অনুষ্ঠেয় উপনির্বাচনের মনোনয়নপত্র দাখিলের আজ শেষ দিনে ২৪ জন প্রার্থী মনোনয়নপত্র দাখিল করেন ।উপনির্বাচনের জন্য

সবকটি রাজনৈতিক দল  তথা নির্দল প্রার্থী সহ মোট ৩৮ জন প্রার্থী মনোনয়নপত্র দাখিল করেন । বিহালী বিধানাসভা আসনের কংগ্রেস মনোনীত প্রার্থী জয়ন্ত বরা মনোনয়নপত্র দাখিল করেন । মনোনয়নপত্র দাখিলের সময় শ্রী বরার সংগে সাংসদ গৌরব গগৈ সহ কংগ্রেসের শীর্ষ নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন ।এদিকে সিডলী বিধানসভা আসনের বি পি এফ এর প্রার্থী শুদ্ধ কুমার বসুমাতারী আজ বি পি এফ প্রধান হাগ্রামা মহিলারীর উপস্থিতিতে মনোনয়নপত্র দাখিল করেন । বঙাইগাও এর অগপর প্রার্থী দীপ্তিময়ী চৌধুরী সমর্থকদের সংগে মনোনয়নপত্র দাখিল করেন ।এই আসনে  কংগ্রেস প্রার্থী ব্রজেনজিৎ সিং আজ মনোনয়নপত্র দাখিল করেন ।

অন্যদিকে আম আদমী পার্টির অনন্ত গগৈ বিহালীতে ও নুরুল আমীন চৌধুরী সামুগুড়িতে মনোনয়নপত্র দাখিল করেন । মনোনয়নপত্র দাখিলের সময় নুরুল আমীন চৌধুরীর সংগে আপের রাজ্য সভাপতি মনোজ ধানোয়ার  সহ বেশ কয়েকজন প্রবীন দলীয় নেতা উপস্থিত ছিলেন ।অনন্ত গগৈর সংগেও দলের জাতীয় তত্বাবধায়ক রাজেশ শর্মা সহ রাজ্য পর্যায়ের বেশকয়েকজন নেতা উপস্থিত ছিলেন ।

-----------------------------------------------------------------------------------------

ধলাই বিধানসভা আসনের উপ-নির্বাচনের জন্য আজ মনোনয়ন পত্র জমা দেবার শেষ দিনে কোনো প্রার্থী মনোনয়ন পত্র জমা দেননি । এর পরিপ্রেক্ষিতে এই আসনে মোট পাঁচজন প্রার্থী তাদের মনোনয়ন পত্র জমা দিয়েছেন । প্রার্থীরা হচ্ছেন- ভারতীয় জাতীয় কংগ্রেসের ধ্রুবজ্যোতি পুরকায়স্থ, ভারতীয় জনতা পার্টির নীহার রঞ্জন দাস, এস ইউ সি আই (কম্যুনিস্ট) দলের গৌরচন্দ্র দাস এবং দুজন নির্দল প্রার্থী- অমিয় কান্তি দাস এবং অমলেন্দু দাস ।

-----------------------------------------------------------------------------------------

আসামের নিযুক্তি আয়োগের অধ্যক্ষ ও আসাম সরকারের অতিরিক্ত মুখ্য সচিব বি. কল্যাণ চক্রবর্তী আগামী ২৭শে অক্টোবর অর্থাৎ রবিবার রাজ্যে অনুষ্ঠেয় তৃতীয় ও চতুর্থ শ্রেণীর পদের জন্য প্রত্যক্ষ নিযুক্তি পরীক্ষা সম্পর্কিত বিষয়ে কথা বলতে আজ এক সাংবাদিক সম্মেলনে অংশগ্রহণ করেন । এতে আসাম রাজ্য বিদ্যালয় শিক্ষা পর্ষদের অধ্যক্ষ রমেশ চান্দ জৈন সহ রাজ্যের আয়ুক্ত সচিব এবং নিযুক্তি আয়োগের সদস্য জয়ন্ত নার্লিকার সহ অন্যান্য আধিকারিকরা উপস্থিত ছিলেন । উল্লেখ্য- রাজ্যের ২৮টি জেলায় ৪২টি বিভাগের মোট পাঁচ হাজার ২৩টি খালি পদের জন্য এই পরীক্ষা অনুষ্ঠিত হবে । ঐদিন সকাল ন'টা থেকে দশম শ্রেণী উত্তীর্ণদের জন্য পরীক্ষা অনুষ্ঠিত হবে । এছাড়া বেলা দেড়টা থেকে অষ্টম শ্রেণী উত্তীর্ণদের জন্য পরীক্ষা অনুষ্ঠিত হবে । উল্লেখ্য- উভয় বেলার পরীক্ষায় মোট ১৩লক্ষ ৭৯ হাজার ১৩২জন প্রার্থী অবতীর্ণ

হবেন । পরীক্ষার্থীদের আগে থেকে গিয়ে পরীক্ষা কেন্দ্রসমূহ দেখে আসার অনুরোধ করা হয়েছে। পরীক্ষার্থীদের যেকোনোধরণের অসুবিধার থেকে রেহাই পেতে তাদের শীর্ঘ প্রবেশ পত্র সংগ্রহ করে আগের থেকে নিজ নিজ পরীক্ষা কেন্দ্রের বিষয়ে অবগত থাকার আহ্বান জানানো হয়েছে । এদিকে মহিলা পরীক্ষার্থীদের তল্লাশির জন্য অঙ্গনওয়াড়ি কর্মীদের নিয়োগ করা হবে বলে নিযুক্তি আয়োগের পক্ষ থেকে জানানো হয়েছে ।

-----------------------------------------------------------------------------------------

করিমগঞ্জ জেলার ২৯টি কেন্দ্রে আগামী রবিবার অসম প্রত্যক্ষ নিযুক্তি পরীক্ষার চর্তুথ শ্রেণীর পদের জন্য পরীক্ষা অনুষ্টিত হবে । করিমগঞ্জের জেলা ম্যাজিষ্ট্রেট পরীক্ষা সুষ্টুভাবে সম্পন্ন করতে ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতার ১৬৩ ধারার অধীনে আগামী ২৭শে অক্টোবর সকাল ৬টা থেকে বিকেল পাঁচটা পর্য্যন্ত কিছু নিষেধাজ্ঞা জারী করেছেন । নিষেধাজ্ঞায় বলা হয়েছে যে পরীক্ষা কেন্দ্রের একশ মিটার ব্যাসার্ধের মধ্যে পরীক্ষার্থী ও অনুমোদিত ব্যাক্তি ছাড়া কোন ব্যাক্তি ভীড় জমাতে পারবেন না । এছাড়া পরীক্ষা কেন্দ্রের একশ মিটার ব্যাসার্ধের মধ্যে কোন ব্যাক্তি মোবাইল ফোন , ইলেকট্রনিক সামগ্রী নিয়ে প্রবেশ করতে পারবেন না বলে জানানো হয়েছে ।

-----------------------------------------------------------------------------------

এদিকে করিমগঞ্জ শহরে অসম প্রত্যক্ষ নিযুক্তি পরীক্ষা সুষ্টভাবে সম্পন্ন করতে এবং পরীক্ষা কেন্দ্রে প্রার্থীদের নির্বিঘ্নে আসা-যাওয়া সুনিশ্চিত করতে শহরের পরীক্ষা কেন্দ্রের পার্শ্ববর্তী জনবহুল বাজারগুলি বন্ধ রাখার নির্দেশ দেওয়া হয়েছে । করিমগঞ্জের চক্র আধিকারীক আগামী রবিবার সকাল ৬টা থেকে সন্ধ্যা ৬টা পর্য্যন্ত করিমগঞ্জ শহরের সন্তর বাজার সংলগ্ন জাতীয় সড়কের পাশের ব্রিজ রোডের বাজার , স্টেশন রোড ও করিমগঞ্জ কলেজের পাশের অস্থায়ী বাজার ও দোকান বন্ধ রাখার নির্দেশ দিয়েছেন । এছাড়া শহরের নো-পার্কিং জোনে কোন ধরনের যান বাহন রাখা যাবে না বলে নির্দেশ দেওয়া হয়েছে ।

-----------------------------------------------------------------------------------------

আগামী রবিবার শিলচরে অনুষ্ঠেয় আসাম প্রত্যক্ষ নিযুক্তি পরীক্ষায় যোগ দিতে হাইলাকান্দি জেলার প্রার্থীদের জন্য ট্রেন এবং ট্রেভেলার বাসের ব্যবস্থা করা হয়েছে । প্রশাসনের উদ্যোগে ট্রেনটি আগামী রবিবার ভোর চারটেয় হাইলাকান্দি জেলার জামিরা থেকে যাত্রা শুরু করে ভোর ৫ টায় হাইলাকান্দি রেলষ্টেশন হয়ে শিলচরের উদ্দেশ্যে যাত্রা করবে ।এ ছাড়া জেলার চারটি বাসষ্ট্যান্ড থেকে পাচ মিনিট পর পর বাস শিলচরের উদ্দেশ্যে যাত্রা করবে ।হাইলাকান্দি শহরের কলেজ রোড বাস ষ্ট্যান্ড থেকে ভোর পাচটায় ১০ থেকে ১৫ মিনিট পর পর ৩৫ টি ট্র্যাভেলার বাস কাঠাখাল হয়ে

চালানো হবে ।এছাড়া শহরের গাছতলা বাস ষ্ট্যান্ড থেকে ২০ টি ট্রেভেলার বাস ধোয়ারবন্দ হয়ে শিলচরের উদ্দেশ্যে রোয়ানা দেবে ।অনুরুপভাবে লালা বাজার বাস ষ্ট্যান্ড থেকে ১০ টি ক্রুইজার ধোয়ারবন্দ হয়ে শিলচরের উদ্দেশ্যে রোয়ানা দেবে । ঘারমুরা থেকে কাঠাখাল হয়ে ১৫ টি ট্রেভেলার বাস চালানো হবে । এদিকে হাইলাকান্দি থেকে যাওয়া ট্রেনটি বিকেল প্রায় সাড়ে তিনটেয় হাইলাকান্দির উদ্দেশ্যে যাত্রা করার সম্ভাবনা রয়েছে ।

হাইলাকান্দি জেলায় এবার ১৯ হাজার ৪২১ জন প্রার্থী শিলচর পরীক্ষা কেন্দ্রগুলিতে নিয়োগ পরীক্ষায় অবতীর্ন হবে ।

---------------------------------------------------------------------------------

উত্তর-পূর্ব সীমান্ত রেলোয়ে আগামী ২৭শে অক্টোবর অসম প্রত্যক্ষ নিযুক্তি পরীক্ষায় পরীক্ষার্থীদের যাতায়াতের সুবিধার জন্য এবং অতিরিক্ত ভীড় সামাল দিতে পাঁচ জোড়া বিশেষ ট্রেন চালানোর সিদ্ধান্ত নিয়েছে । সীমান্ত রেল সূত্রে জানানো হয়েছে যে আগামী ২৭শে অক্টোবর বিশেষ যাত্রী ট্রেন সকাল চারটায় করিমগঞ্জ থেকে যাত্রা করে ৬টা ৪০ মিনিটে শিলচর পৌঁছবে এবং ট্রেনটি রাত নটায় শিলচর থেকে যাত্রা করে রাত ১১টা ৪০ মিনিটে করিমগঞ্জ এসে পৌঁছবে ।

---------------------------------------------------------------------------------

বিচারপতি সঞ্জীব খান্না দেশের পরবর্তী মুখ্য বিচারপতি হচ্ছেন । কেন্দ্রীয় আইন মন্ত্রী অর্জুনরাম মেঘাওয়াল সামাজিক মাধ্যম যোগে জানিয়েছেন যে- রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বর্তমান মুখ্য বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড়ের সঙ্গে আলাপ আলোচনা করে বিচারপতি শ্রী খান্নাকে পরবর্তী মুখ্য বিচারপতি হিসেবে নিযুক্তি দিয়েছেন । আগামী ১১ই নভেম্বর থেকে তা কার্যকর হবে । বিচারপতি খান্না দেশের ৫১তম মুখ্য বিচারপতি হচ্ছেন । এবং তিনি আগামী বছরের ১৩ই মে অবসর গ্রহণ করবেন । বিচারপতি খান্না ২০১৯ সালের ১৮ই জানুয়ারি সুপ্রীম কোর্টের বিচারপতি হিসেবে কার্যভার গ্রহণ করেন । এই সময়ে তিনি সুপ্রীম কোর্টের বিভিন্ন সাংবিধানিক বিচার পীঠে কাজ করেছেন । এবং বেশকয়েকটি গুরুত্বপূর্ণ রায় প্রদান করেছেন ।তাঁর রায়দানে ব্যক্তিগত স্বাধীনতার প্রাধান্য এবং শক্তিশালী গণতান্ত্রিক অংশগ্রহণ প্রক্রিয়াই বিশেষ গুরুত্ব লাভ করার বিষয়টি পরিলক্ষিত হয়েছে । উল্লেখ্য- বর্তমান মুখ্য বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড় ২০২২ সালের নয়ই নভেম্বর কার্যভার গ্রহণ করেছিলেন । আগামী ১০ই নভেম্বর তিনি অবসর গ্রহণ করবেন ।

---------------------------------------------------------------------------------

অষ্টম চলচিত্রম জাতীয় চলচ্চিত্র মহোৎসব ২০২৪ আগামীকাল ও পরশু গৌহাটীর জ্যোতি চিত্রবনে অনুষ্ঠিত হবে । এই মহোৎসবে ৫০ টি তথ্য চিত্র ও স্বল্প দৈর্ঘ্যের ছবি প্রদর্শন করা হবে । প্রতিযোগিতা ও প্রদর্শনী এই দুটি শাখায় ছবিগুলি প্রদর্শন করা হবে । বিশ্ব সংবাদ কেন্দ্র , আসামের সহযোগী প্রতিষ্ঠান চলচ্চিত্রমের উদ্যোগে আয়োজিত এই মহোৎসবের মূল বিষয়বস্তু হচ্ছে  আমার ঐতিহ্য আমার গৌরব । চলচ্চিত্রের মাধ্যমে জাতীয়তাবাকে উৎসাহিত করা সহ ভারতের কয়েক হাজার পুরোণো সভ্যতা , সংস্কৃতি ও ঐতিহ্যকে তুলে ধরার উদ্দেশ্যে দুদিনব্যাপী এই মহোৎসবের আয়োজন করা হয়েছে ।আগামীকাল এই মহোৎসব কটন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক রমেশ চন্দ্র ডেকা উদ্বোধন করবেন  ।

---------------------------------------------------------------------------------

আসাম সরকার কর্মচারীদের দীপাবলী উপলক্ষে আগামী ২৮শে অক্টোবর থেকে এমাসের বেতন প্রদানের সিদ্ধান্ত নিয়েছে। আজ সামাজিক মাধ্যমে রাজ্যের মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা দীপাবলীর আগাম শুভেচ্ছা জানিয়ে বেতন প্রদানের এই তথ্য জানিয়েছেন।

---------------------------------------------------------------------------------

রাজ্যের অন্যান্য অংশের সঙ্গে কাছাড় জেলায়ও আগামী ৩১শে অক্টোবর রাষ্ট্রীয় একতা দিবস পালন করা হবে । এ উপলক্ষ্যে এদিন জেলার সব পুলিশ থানা পর্য্যায়ের নাগরিক কমিটি , কেন্দ্রীয় কারাগার , পৌরসভা ,গ্রাম পঞ্চায়েত কার্য্যলয় , বিদ্যালয় , কলেজ ও বিশ্ববিদ্যালয়ে একতার শপথ বাক্য পাঠ করানো হবে । এছাড়া ক্রীড়া ও সাংস্কৃতিক অনুষ্টানের আয়োজন করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------

করিমগঞ্জের জেলা ম্যাজিষ্ট্রেট এক বিজ্ঞপ্তিতে বাজারিছড়া থানা এলাকা থেকে ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতার ১৬৩ ধারার অধীনে জারি থাকা নিষেধাজ্ঞা প্রত্যাহার করেছেন । বিজ্ঞপ্তিতে বলা হয়েছে যে বাজারিছড়া থানা এলাকায় আইন-শৃংখলা পরিস্থিতির উন্নতি হওয়ায় এই নিষেধাজ্ঞা প্রত্যাহার করা হয়েছে । উল্লেখ্য আইন শৃংখলা পরিস্থিতি বিঘ্নিত হওয়ার আশংকায় বাজারিছড়া থানা এলাকায় ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতার ১৬৩ ধারায় গত ৭ই অক্টোবর কিছু নিষেধাজ্ঞা জারি করা হয়েছিল ।

---------------------------------------------------------------------------------